



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF) ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)  
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.  
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২১ মার্চ ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

**খাগড়াছড়িতে স্বতঃস্ফূর্তভাবে ইউপিডিএফ'র আধাবেলা সড়ক অবরোধ পালিত, ২ জনকে আটক**

দীঘিনালায় সেনাবাহিনীর হেফাজতে ইউপিডিএফ নেতা নবায়ন চাকমা মিলন (সৌরভ)-কে হত্যা ও মহালছড়িতে পাহাড়ীদের নির্মিত বাড়িঘরে অগ্নিসংযোগের প্রতিবাদে খাগড়াছড়ি জেলায় ইউপিডিএফ'র ডাকে আধাবেলা সড়ক অবরোধ স্বতঃস্ফূর্তভাবে পালিত হয়েছে। আজ ২১ মার্চ ২০২২, সোমবার ভোর ৬টা থেকে দুপুর ১২টা পর্যন্ত এ অবরোধ কর্মসূচি পালিত হয়।

অবরোধ পালনকালে বড় কোন অপ্রীতিকর ঘটনা না ঘটলেও লক্ষ্মীছড়িতে সেনাবাহিনী কর্তৃক পাহাড়ি ছাত্র পরিষদ (পিসিপি)-এর লক্ষ্মীছড়ি উপজেলা শাখার সহ-সভাপতি রিটন চাকমা ও গণতান্ত্রিক যুব ফোরামের উপজেলা সাংগঠনিক সম্পাদক শুভধন চাকমাকে আটক করা হয়।

অবরোধের সমর্থনে পিকেটাররা খাগড়াছড়ি সদর এলাকাসহ উপজেলাগুলোর বিভিন্ন স্থানে রাস্তায় টায়ার জ্বালিয়ে ও গাছের গুঁড়ি ফেলে অবরোধ কর্মসূচি সফল করে।

অবরোধের কারণে জেলা শহর ও উপজেলাগুলোতে দূরপাল্লার ও অভ্যন্তরীণ সড়কে যান চলাচল বন্ধ ছিল। তবে অবরোধ চলাকালে জরুরী ফায়ার সার্ভিস, এম্বুলেন্স ও শববাহী গাড়ি, জরুরী ঔষধ সরবরাহকারী ও সংবাদপত্র বহনকারী যান, সংবাদ সংগ্রহের কাজে ব্যবহৃত সাংবাদিকদের গাড়ি অবরোধের আওতামুক্ত ছিল।

ইউপিডিএফ'র খাগড়াছড়ি জেলা সংগঠক অংগ্য মারমা আজ সংবাদ মাধ্যমে দেয়া এক বিবৃতিতে অবরোধ কর্মসূচি সফল করায় জনসাধারণসহ বাস, ট্রাক, জীপ, সিএনজি, টমটম মালিক-চালক ও শ্রমিক সংগঠনসহ সংশ্লিষ্ট সকলের প্রতি ধন্যবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি বলেন, পার্বত্য চট্টগ্রামে পাহাড়ীদেরকে ন্যায়্য অধিকার থেকে বঞ্চিত রাখার জন্য একদিকে অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে আন্দোলনকারী দল ইউপিডিএফ'র উপর দমন-পীড়ন, একের পর এক নেতা-কর্মীকে অন্যায়ভাবে আটক, নির্যাতন, মিথ্যা মামলায় ফাঁসানো ও বিচার বহির্ভূতভাবে হত্যা করা হচ্ছে। অন্যদিকে ভূমি বেদখলের মাধ্যমে পাহাড়ীদের নিজ ভূমি থেকে উচ্ছেদে নানা ষড়যন্ত্র চলছে।


তিনি রাষ্ট্রীয় অন্যায়-অবিচার ও দমন-পীড়নের বিরুদ্ধে রুখে দাঁড়ানোর জন্য জনগণের প্রতি আহ্বান জানান।

বিবৃতিতে তিনি অবিলম্বে ইউপিডিএফ নেতা নবায়ন চাকমা হত্যার সুষ্ঠু বিচার ও ঘটনার সাথে জড়িত সেনা সদস্যদের আইনের আওতায় এনে শাস্তি, বিচার বহির্ভূত হত্যা বন্ধসহ রাষ্ট্রীয় দমন-পীড়ন বন্ধ করা, মহালছড়িতে ভূমি বেদখলের

ষড়যন্ত্র বন্ধ করা, লক্ষ্মীছড়িতে আটক পিসিপি ও যুব ফোরামের দুই নেতাকে নিঃশর্ত মুক্তি এবং সেনাশাসন প্রত্যাহারপূর্বক পার্বত্য চট্টগ্রামে গণতান্ত্রিক পরিবেশ সুনিশ্চিত করার দাবি জানান।

উল্লেখ্য, গত ১৫ মার্চ ২০২২ ভোররাত সাড়ে ৩টার সময় দীঘিনালায় সেনাবাহিনী কর্তৃক ইউপিডিএফ নেতা নবায়ন চাকমা মিলন (সৌরভ)-কে আটকের পর অমানুষিক নির্যাতন চালিয়ে হত্যা করা হয়। একই দিন রাতে মহালছড়ির মাইসছড়ি ইউনিয়নের ডিপ্লোছড়িতে সেটলার বাঙালিরা পাহাড়িদের ঘরবাড়িতে অগ্নিসংযোগ করে। এসব ঘটনার প্রতিবাদে ইউপিডিএফ খাগড়াছড়ি জেলা ইউনিট ও তার সহযোগী সংগঠনসমূহ এই অবরোধ কর্মসূচির ডাক দেয়।

বার্তা প্রেরক



নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফন্ট (ইউপিডিএফ)।